স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০২২

সেমেস্টার : ৫   কোর্স : CC-11

# নির্বাচিত বাংলা উপন্যাস

সময় : ৩ ঘণ্টা                                                                                    পূর্ণমান : ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

## একক-১

১। 'কপালকুণ্ডলা' উপন্যাসে বঙ্কিমচন্দ্র বিবাহ নামক প্রতিষ্ঠানটিকে নারীর দৃষ্টিতে নানাভাবে প্রশ্ন করেছেন। আলোচনা করো। ৫+১০= ১৫

২। 'কপালকুণ্ডলা' উপন্যাসে প্রাকৃতিক দৃশ্য ও পরিবেশ ঘটনা-সংস্থানকে দৈনন্দিন প্রাত্যহিকতার বাইরে নিয়ে গেলেও প্রকৃতি ও পরিবেশের বিবরণ প্রদানের সময় বঙ্কিমচন্দ্র বাস্তবতাকে লঙ্ঘন করেননি। আলোচনা করো। ১৫

৩। 'কপালকুণ্ডলা' উপন্যাসের ভাষা চিত্ররূপময়। আলোচনা করো । ১৫

## একক- ২

৪। একজন প্রান্তিক মানুষের কবি হয়ে ওঠার ইতিহাস 'কবি' উপন্যাস অবলম্বনে বিশদ করো। ১৫

৫। 'কবি' উপন্যাসে সংযুক্ত গানগুলির তাৎপর্য ব্যাখ্যা করো। ১৫

৬। 'কবি' উপন্যাসে বসন্ত এবং ঠাকুরঝির ভূমিকা বিষয়ে আলোচনা করো। ১৫

## একক-৩

৭। তত্ত্বের যন্ত্রণা ও ব্যক্তির টেনশন আলিমুদ্দিন মাস্টার চরিত্রকল্পনায় কীভাবে সত্য হয়ে উঠেছে তা বুঝিয়ে দাও। ১৫

৮। " 'শিলালিপি' উপন্যাসের সঙ্গে 'লাল মাটি'র কাহিনীগত সম্পর্ক অত্যন্ত ক্ষীণ, শুধু ভাবগত যোগসূত্র আছে মাত্র।" - আলোচনা করো । ১৫

৯। 'আমার মাথায় গণ্ডগোল হয়েছিল, তাই ও কবিতা লিখেছিলাম আমি।' -- 'লাল মাটি' উপন্যাস অবলম্বনে এই মন্তব্যের সারবত্তা সম্প্রসারিত করো। ১৫

১০। টীকা লেখো (যে-কোনো তিনটি) : ৩ X ৫ = ১৫

ক) পেষমন  খ) শ্যামাসুন্দরী  গ) 'মহিষের মতো লোকটা'  ঘ) অট্টহাস  ঙ) দীবোর দিঘি  চ) ভীমের জাঙাল

---

স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০২২

সাম্মানিক বাংলা

সেমেস্টার : ৫ (CBCS) কোর্স : CC-12

(নির্বাচিত বাংলা ছোটোগল্প)

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক — ১

১। 'শাস্তি' গল্পে একাধিক শাস্তির কথা রয়েছে। এই বক্তব্যটি সপ্রসঙ্গ যুক্তি দিয়ে বুঝিয়ে দাও। ১৫

২। 'পোস্টমাস্টার' এক অব্যক্ত মর্মবেদনার গল্প। এখানে প্রকৃতি যেন অমোঘ বিশ্বনীতির ভূমিকা নিয়েছে। কথাটি সমর্থনযোগ্য কি না আলোচনা করো। ১৫

৩। 'আপদ' গল্পে একটি ছেলের অস্বাভাবিকভাবে দীর্ঘকাল থমকে থাকা বয়ঃসন্ধির নিঃশব্দ বিবর্তনকে কীভাবে গল্পকার দেখিয়েছেন তা বিশ্লেষণ করো। ১৫

একক — ২

৪। 'এক বিস্তৃত সময় এবং প্রসন্ন আবহে দুটি অসমবয়সী নিঃসম্পর্কিত বিষমধর্মী মানুষের অন্যোন্য সম্পর্কটি হৃদয়ভাবনাগত, যা তথাকথিত সম্প্রদায়-জাতি-ধর্ম-দেশ-কাল নিরপেক্ষ'। —'আহ্বান' গল্প অবলম্বনে এই বিষয়ে আলোকপাত করো। ১৫

৫। 'কিষ্টোর প্রতি ঘৃণা, সে অনধিকার প্রবেশের প্রতিযোগী বলে, শম্ভুর প্রতি ঘৃণা সে প্রতিহিংসা-বিস্মৃত বলে। তারা (কিষ্টো বা শম্ভু) এক একটি পর্যায়ে অনেক বেশি আকর্ষণীয় — শিবপদর তুলনায় শম্ভু, শম্ভুর তুলনায় কিষ্টো, তাই সেই সেই পর্যায়ে সে আকৃষ্ট। আসলে সে বীর্যশুল্কা অথচ উন্নতকামী স্বাতন্ত্র্যপরায়ণ।' — আলোচনা করো। ১৫

৬। 'রাতারাতি দশ মাইল পেরিয়ে, নয় ক্রোশ বা আঠারো মাইল হেঁটে এবং আরও পাঁচ মাইল এসে — অর্থাৎ আহত অবস্থায় মোট তেত্রিশ মাইল চলাফেরায় তার প্রবল অদম্য প্রাণশক্তি অদম্য অপরাজেয় প্রাগৈতিহাসিক স্বভাব প্রকাশিত হয়েছে গল্পের সূচনায়।' — গল্প অবলম্বনে এই বিষয়ের যাথার্থ্য বুঝিয়ে দাও। ১৫

একক — ৩

৭। তোমাদের পাঠ্য যে-কোনো দুটি গল্প অবলম্বনে গল্পে বর্ণিত সময়চেতনার বিশ্লেষণ করো। ১৫

৮। প্রচলিত ভাবনাকে অতিক্রম করে আশাপূর্ণা দেবী 'ছিন্নমস্তা' গল্পের জয়াবতীকে এঁকেছেন। — তোমার নিজস্ব মতানুযায়ী বক্তব্যটি আলোচনা করো। ১৫

৯। 'বিশ্বসংসারকে দুধে পাললে যশোদা হতে হয়। নির্বান্ধবে একলা মরতে হয়, মুখে জল দিতে কেউ থাকে না।' — 'স্তনদায়িনী' গল্পের যশোদা চরিত্রকে সামনে রেখে বক্তব্যটির তাৎপর্য আলোচনা করো। ১৫

১০। টীকা লেখো (যে-কোনো তিনটি) : ৩X ৫= ১৫

ক) 'তেরো-চৌদ্দ বৎসরের ছেলের মতো পৃথিবীতে এমন বালাই আর নাই'

খ) 'ত্যাগ' গল্পের সমাপ্তি

গ) সার ট্রিক্সি টার্নকোট

ঘ) 'পোনা-চারার হাটে কদমফুলের কদর নেই'

ঙ) শ্রীপতি সামন্ত

চ) কাঙালিচরণ

স্নাতক পরীক্ষা ২০২২
বাংলা
সেমেস্টার ৫ DSE ১
জীবনী আত্মজীবনী ভ্রমণ ও পত্রসাহিত্য

সময়:৩ ঘন্টা পূর্ণমান:৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত
১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক। প্রতিটি একক থেকে **একটি** করে প্রশ্নের উত্তর দাও

একক ১

১। প্রাগাধুনিক বাংলা সাহিত্যের বৈষ্ণব জীবনী সাহিত্যের ধারার পরিচয় দিয়ে আধুনিক জীবনী সাহিত্যের ধারার সঙ্গে তার প্রবণতা গত পার্থক্য নির্ণয় করো। ১০+৫=১৫
২। রাসসুন্দরী দাসীর 'আমার জীবন' তুমি কেন গুরুত্বপূর্ণ বলে মনে করো। ১৫
৩। কৃষ্ণভাবিনী দাসের অভিজ্ঞতা অনুসারে বিলেতের শিক্ষাব্যবস্থার পরিচয় দাও। ১৫

একক ২

৪। জীবনী গ্রন্থ হিসেবে 'রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ'-এর বিশিষ্টতা ও এই গ্রন্থ-রচনার উপাদান-উপকরণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১৫

৫।আধুনিক সাহিত্য সম্বন্ধে সজনীকান্তের মনোভাব কী ছিল 'আত্মস্মৃতি'র নিরিখে বিষয়টি আলোচনা করো। ১৫

৬।সজনীকান্তের 'আত্মস্মৃতি' শুধু ব্যক্তি-কথন নয়, বঙ্গদেশের বিশেষ এক কালপর্বের সমাজ-সংস্কৃতির দলিল। আলোচনা করো। ৮+৭=১৫

একক ৩

৭।' ছিন্নপত্রাবলী'র অনেক চিঠিতে রবীন্দ্রনাথ কবিতা বিষয়ে তাঁর মনোভাবের কথা জানিয়েছেন। বিষয়টি আলোচনা করো। ১৫
৮। রবীন্দ্রজীবন ও সাহিত্য পাঠের ক্ষেত্রে 'ছিন্নপত্রাবলী' পড়া কেন আবশ্যক বলে তুমি মনে করো।১৫
৯। বেদুইনদের জীবনযাত্রা বিষয়ে রবীন্দ্রনাথ একসময় রোমান্টিক কবিতা লিখেছিলেন। কিন্তু ইরাক ভ্রমণ কালে এ বিষয়ে তাঁর প্রত্যক্ষ অভিজ্ঞতা বিশুদ্ধ রোমান্টিক নয়। সে অভিজ্ঞতার কথা 'পারস্যে' গ্রন্থ অবলম্বনে লেখো। ১৫
১০। টীকা লেখো ( যে কোনো তিনটি) ৩×৫ =১৫
ক) 'জীবনস্মৃতি'

খ) 'ছিন্নপত্র'

গ)' তত্ত্ববোধিনী পত্রিকা'

ঘ) রঞ্জন প্রকাশনালয়

ঙ) 'ছিন্নপত্রাবলী'তে রবীন্দ্রনাথের পারিবারিক জীবন

চ) পারস্যে হাফিজের সমাধি

স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০২২

সাম্মানিক বাংলা

সেমেস্টার: ৫ কোর্স: DSE:2

বাংলা শিশু কিশোর সাহিত্য

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান: ৬০

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে**

**একক ১**

১। 'সখা ও সাথী' পত্রিকার প্রথম প্রকাশ কত সালে? এই পত্রিকার সম্পাদক কে ছিলেন? পত্রিকাটির নাম 'সখা ও সাথী' হল কীভাবে? বাংলা কিশোরপাঠ্য সাহিত্যে পত্রিকাটির গুরুত্ব কোথায় দেখাও। ১+১+৭+৬=১৫

২। বিদ্যাসাগরের ছাত্রপাঠ্য গ্রন্থগুলি কিশোরপাঠ্য সাহিত্যের গুণাবলির আধার হয়ে উঠেছিল কি না আলোচনা করো। ১৫

৩। রহস্য কাহিনি, গোয়েন্দা কাহিনি ও অ্যাডভেঞ্চার কাহিনি এই তিনধারার কাহিনির স্বাতন্ত্র্য ও সাদৃশ্য উদাহরণসহ আলোচনা করো। ১৫

**একক ২**

৪। বুদ্ধদেব বসুর 'নদী-স্বপ্ন' কবিতায় কবি কীভাবে শিশু মনের কল্পনাকে এক স্বপ্নময় অভিযাত্রায় পরিণত করেছেন তা আলোচনা করো। ১৫

৫। সত্যজিৎ রায়ের 'ভূতো' গল্পটি আধিভৌতিক হলেও তার মধ্য দিয়ে আসলে দুই প্রজন্মের দুই শিল্পীর দ্বন্দ্বকেই তুলে ধরা হয়েছে।আলোচনা করো। ১৫

৬। 'হাতির সঙ্গে হাতাহাতি' গল্পে হাসির কারণ বিস্তারে লেখো। ১৫

**একক ৩**

৭। 'পেরিস্তানের ভেতরের দিকটা যেমন অন্ধকার, বাইরেটা তেমনি আলো' – এই মন্তব্যের প্রেক্ষিতে 'পেরিস্তান'-এর বর্ণনা দাও। ১৫

৮। 'ওর হাড়-জিরজিরে বুকের ওপর সবুজ কালি দিয়ে মড়ার মাথা আঁকা, তার নীচে দুটো হাড় ক্রশ করে বসানো, সে যে মানুষের হাড় সে আর কাউকে বলে দিতে হবে না।' – প্রসঙ্গ নির্দেশ করে উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১৫

৯। 'বাস্তব আর কল্পনা মেশা গল্পে ক্ষুদে পাঠক-পাঠিকাদের মনে লীলা মজুমদার গেঁথে দিতে চান সমাজের অপমানিত ও নির্যাতিত মানুষের প্রতি সমবেদনা।' – 'টং লিং' উপন্যাস অবলম্বনে বিষয়টি আলোচনা করো। ১৫

১০। টীকা লেখো (যে-কোনো তিনটি): ৩x৫= ১৫

ক) 'আমার বড়ো বন্ধুর দরকার।' খ) বিশের দেশ গ) 'ফুলের গন্ধে ঘুম আসেনা, একলা জেগে রই' ঘ) 'এক অশরীরী চিৎকার নবীনকে ছিটকে পিছিয়ে দিল' ঙ) 'মৌচাক' পত্রিকার লেখা ও লেখক চ) 'এম্পেয়ারিং' গল্পে উইজডেনের গুরুত্ব